




## জ্বালানী দক্ষতা ও সংরক্ষণ বৃদ্ধি কার্যক্রমে অর্থায়ন প্রকল্প (ইইসিপিএফপি) শিল্পে অর্থায়ন প্রক্রিয়া



### ইইসিপিএফ প্রকল্প, শ্রেডা

বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

আইইবি ভবন, ৯ম তলা, রমনা, ঢাকা-১০০০

### ইইসিপিএফ প্রকল্প কি ও কেন ?

জ্বালানী দক্ষতা ও সংরক্ষণ বৃদ্ধিতে অর্থায়ন প্রকল্পটি (EECPFP) গ্রহণ করা হয়েছে দেশে জ্বালানী দক্ষতা উন্নয়নে সহজ শর্তে ঋণ প্রদান, জ্বালানী দক্ষতা বৃদ্ধি ও দক্ষ প্রকল্প মনিটরিং এবং জ্বালানী দক্ষতা ও সংরক্ষণ বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে। এসব কার্যক্রমের মূলে রয়েছে জ্বালানী নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্য অর্জন।

সরকার তথা টেকসই ও নবায়নযোগ্য জ্বালানী উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা) ২০৩০ সাল পর্যন্ত জ্বালানী দক্ষতা ও সংরক্ষণ বৃদ্ধির একটি মহাপরিকল্পনা প্রণয়ন করেছে। তাতে ২০১৩-১৪ সালকে ভিত্তি বছর ধরে ২০৩০ সালের মধ্যে ভিত্তি বছরের তুলনায় জিডিপি প্রতি ২০ শতাংশ জ্বালানী দক্ষতা বাড়ানোর লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

এই লক্ষ্য পূরণে সমর্থন ও সহায়তা প্রদানের জন্য জাপান সরকার তথা JICA ২০১৬ সালে ১০ কোটি মার্কিন ডলারের (প্রায় ১২ বিলিয়ন জাপানী ইয়েন) স্বল্প সুদে ঋণ সহায়তা নিয়ে এগিয়ে আসে। বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে ৪০ বছর মেয়াদী একটি ঋণ চুক্তি (নম্বর বিডি-পি৯০) স্বাক্ষর হয়। ইইসিপিএফ প্রকল্পে শ্রেডার নির্ধারিত প্রক্রিয়ায় IDCOL এবং BIFFL-এর মাধ্যমে এই ঋণের অর্থ ব্যবহার করা হয়।

ইইসিপিএফ প্রকল্পের মাধ্যমে জ্বালানী দক্ষতা ও সংরক্ষণ বৃদ্ধিতে সহায়তা করার জন্য সকল শ্রেণির জ্বালানী ব্যবহারকারীদের স্বল্প সুদে ঋণ দেওয়া হয় যাতে তাঁরা অপেক্ষাকৃত বেশি দামের জ্বালানী সাশ্রয়ী যন্ত্রপাতি ও বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করতে পারেন। একইসঙ্গে জ্বালানী দক্ষতা বাড়িয়ে গ্রিনহাউস গ্যাস নির্গমন কমিয়ে আনাও এই প্রকল্পের লক্ষ্য।

### প্রকল্পের আরও কিছু কাজ

জ্বালানী সাশ্রয়, জ্বালানী দক্ষতা ও সংরক্ষণ বৃদ্ধি ছাড়া এই প্রকল্পের আওতায় আরও কিছু কার্যক্রম পরিচালিত হচ্ছে। এর মধ্যে রয়েছে জ্বালানী দক্ষতা বৃদ্ধির বিষয়ে জনসচেতনতা সৃষ্টি; জ্বালানী দক্ষতা বৃদ্ধিতে সরকারি-বেসরকারি ও বাণিজ্যিক খাতের সক্ষমতা বাড়ানো; শ্রেডার জ্বালানী-সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত ব্যবস্থাপনা শক্তিশালী করা প্রভৃতি।

এই প্রকল্পের আওতায় জ্বালানী দক্ষতা ও সংরক্ষণ বৃদ্ধির বিষয়ে প্রশিক্ষণ আয়োজন, জ্বালানী নিরীক্ষা পরিচালনা, সমীক্ষা, সেমিনার, ফোকাস গ্রুপ আলোচনা প্রভৃতির মাধ্যমে সচেতনতা ও সক্ষমতা বৃদ্ধির কাজও চালানো হচ্ছে।

### শুরুতেই শিল্প

যদিও সকল শ্রেণির জ্বালানী ব্যবহারকারীদের এই প্রকল্পের আওতায় ঋণ সহায়তা দেওয়া হবে, কিন্তু এই কার্যক্রম শুরু করা হয়েছে শিল্প শ্রেণিকে দিয়ে। কারণ শিল্পে জ্বালানী ব্যবহারের পরিমাণ ও মাত্রা বেশি হওয়ায় দক্ষতা বাড়িয়ে সাশ্রয় ও সংরক্ষণের সুযোগও অনেক বেশি। তাই প্রথম পর্বে (কম্পোনেন্ট-১) শিল্পে জ্বালানী সাশ্রয়ী যন্ত্রপাতি কিনতে ঋণসহায়তা দিয়ে প্রকল্পের কাজ শুরু করা হয়েছে।

দ্বিতীয় কম্পোনেন্টের অন্তর্ভুক্ত হচ্ছে বিল্ডিং সেক্টর। এই কম্পোনেন্টে অফিস এবং আবাসিক ভবনের মালিক, ডেভেলপার ও ভাড়াটীদের জ্বালানী সাশ্রয়ী বৈদ্যুতিক সরঞ্জাম কেনার জন্য ঋণ দেওয়া হবে।

Component	Borrower	Subject of loan
Component I Industry / commercial sector	Factories, commercial and public facilities	Equipment at factory, commercial facility etc.
Component II Building sector	Building owner, developer and tenants	Equipment and materials for offices and residential buildings

### অর্জন কতটা

প্রকল্পের প্রথম পর্ব শুরুর পর থেকে মার্চ ২০২১ পর্যন্ত ২১টি শিল্প প্রতিষ্ঠান ঋণ ব্যবহারের সুযোগ পেয়েছে। এর মধ্যে ৮টি গার্মেন্টস ফ্যাক্টরি; ৭টি স্পিনিং মিল; ৩টি সিমেন্ট কারখানা; একটি ইলেকট্রনিক কারখানা; একটি উইভিং ফ্যাক্টরি এবং একটি বহুতল ভবন। এই ২১টি প্রতিষ্ঠানকে সর্বমোট প্রায় ১২৩৫ কোটি টাকা মূল্যের অনাপত্তিপত্র প্রদানের মাধ্যমে অর্থায়নকারী প্রতিষ্ঠান (IDCOL, BIFFL) কর্তৃক ঋণ দেওয়া হয়েছে।

শিল্প-কারখানাগুলোতে যেসব যন্ত্রপাতি প্রতিস্থাপন করা হয়েছে তার মধ্যে রয়েছে Vertical Roller grinding mill, Sewing Machine, Automatic Winder, Ring Spinning Frame, Loom Air Jet, Air Jet Spinning, Absorption Chiller, Gas Engine Generator প্রভৃতি। বহুতল ভবনটি Heat Reflective Glass, Centrifugal Chiller, Water Cooled Chiller Gas Elevator স্থাপনের জন্য ঋণ পেয়েছে।

এই ২১টি কারখানায় আধুনিক প্রযুক্তির জ্বালানি সাশ্রয়ী যন্ত্রপাতি স্থাপনের ফলে প্রত্যাশিত জ্বালানি সাশ্রয় হবে গড়ে ৪২ শতাংশ। এই সাশ্রয়ের আর্থিক মূল্য বছরে প্রায় ৯১ কোটি ২০ লাখ টাকা। প্রতি বছর কার্বন ডাই-অক্সাইড (CO<sub>2</sub>) নিঃসরণ কমবে প্রায় ৬৬ হাজার ৪৯২ টন। আর বিদ্যুত উৎপাদনে সাশ্রয় হবে, অর্থাৎ বিদ্যুৎ উৎপাদন কমানো যাবে ২২.৯০২ মেগাওয়াট।

আরও অনেকগুলো প্রতিষ্ঠান এই প্রকল্পের ঋণ পাওয়ার জন্য আবেদন করেছে। এর মধ্যে কয়েকটি প্রতিষ্ঠানের আবেদন প্রক্রিয়াধীন রয়েছে।

### কিভাবে ঋণ পাওয়া যায় :

ইইসিপিএফ প্রকল্পের ঋণ পেতে আগ্রহী কোনো কোম্পানিকে দুটি প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হয়। প্রথমত, আর্থিক বিষয়াদি প্রক্রিয়াকরণ করা এবং দ্বিতীয়ত, কারিগরি বিষয়াদি।

আর্থিক বিষয়াদি প্রক্রিয়াকরণের কাজটি করে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (IDCOL) এবং বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্সিং ফান্ড লিমিটেড (BIFFL)। এই দুটি প্রতিষ্ঠান ইইসিপিএফ প্রকল্পের ঋণ প্রক্রিয়াকরণ করার 'One Stop Service Partner'।

আর কারিগরি বিষয়াদি প্রক্রিয়াকরণ করে শ্রেডা (SREDA)।

ঋণ পেতে আগ্রহী কোনো প্রতিষ্ঠানকে আর্থিক বিষয় প্রক্রিয়াকরণের জন্য IDCOL অথবা BIFFL-এর যে কোনো একটির নির্ধারিত ডেস্কে যোগাযোগ করে নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদন করতে হবে-

1. Financial pre-screening আবেদন ফরম।
2. Technical pre-screening আবেদন ফরম। সঙ্গে দিতে হবে ক্যাটালগ, সনদপত্র এবং জ্বালানি সাশ্রয়ী যন্ত্রপাতির অন্যান্য কারিগরি তথ্য।
3. প্রতিষ্ঠানের বিগত তিন বছরের আর্থিক বিবরণী।
4. IDCOL এবং BIFFL-এর চাহিদা অনুযায়ী অন্যান্য কাগজপত্র।

IDCOL কিংবা BIFFL কোনো প্রতিষ্ঠানের আবেদন গ্রহণ করার পর ওই আবেদনে উল্লেখিত কারিগরি বিষয়গুলো শ্রেডাকে অবহিত করবে। শ্রেডা তখন প্রকল্পের নিয়ম-কানুন অনুযায়ী সেগুলো পরীক্ষা করে অনাপত্তি সনদ (NOC) দিলে ঋণ পাওয়ার বিষয়টি কারিগরিভাবে চূড়ান্ত হবে।


এরপর শুরু হবে ঋণ ছাড় করার প্রক্রিয়া। এই প্রক্রিয়ায় সব ধরনের ফাইলপত্র তৈরি (ডকুমেন্টেশন) করার পর কোম্পানির নির্ধারিত ব্যাংক হিসাবে ঋণের অর্থ পাঠানো হবে।

### যোগাযোগের ঠিকানা

IDCOL : ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড এনার্জি এফিসিয়েন্সি ফাইন্যান্স (আইইইএফ) [industrialee@idcol.org](mailto:industrialee@idcol.org)  
পিএবিএক্স : ৮৮০-২-৯১০২১৭১-৮, এক্সটেনশন-১৭১  
ইউটিসি বিল্ডিং, লেভেল ১৬, ৮ পাশুপথ, কারওয়ানবাজার, ঢাকা-১২১৫  
<http://idcol.org/home/equipment>

BIFFL : প্রোজেক্ট ইমপ্লিমেন্টেশন ইউনিট, ইইসিপিএফপি [nadim@biffl.org.bd](mailto:nadim@biffl.org.bd)  
ফোন-৮৮০-১৮৪৪-২২১৬৬০  
বোরাক ইউনিক হাইটস, লেভেল-৩  
১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ,  
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১২১৭।  
<https://biffl.org.bd/eeclan>

## LOAN PROCEDURE



List of Major Equipments	
	Roving frames
	Ring spinning frames
	Automatic winder
	Air jet spinning
	Air-jet loom
	Warper & sizer
	Stenter
<b>Textile &amp; Garment</b>	Complete garment (3D) flatbed knitting machine
	Automation functions for dyeing machine
	Jet dyeing machine with discharge rinsing function
	Cold pad batch (CPB) dyeing
	Sewing machine
	Vertical type scrap preheating unit for arc furnace
<b>Iron &amp; Steel</b>	Endless bar rolling system
	Regenerative burner
	Self-regenerative burner
<b>Cement &amp; Clinker grinding</b>	Vertical roller grinding mill
<b>Food &amp; Beverage</b>	Screw compressor refrigeration unit
	Heat reflective glass
<b>Building sector</b>	Elevator
	BEMS
	Screw compressor, Centrifugal compressor
	Once-through steam boiler
	Economizer for boiler
<b>Common technologies</b>	Waste heat recovery system
	Centrifugal chiller, Absorption chiller
	Variable Refrigerant Flow (VRF)
	LED light
	Gas engine cogeneration

\* For complete list please contact SREDA @ +88 02 55110340

### উপসংহার

ইইসিপিএফ প্রকল্পের প্রথম উপাদান (কম্পোনেন্ট-১)-এর অন্তর্ভুক্ত হচ্ছে শিল্প ও বাণিজ্যিক খাত। এই কম্পোনেন্টে কল-কারখানা এবং বাণিজ্যিক ও সরকারি স্থাপনায় জ্বালানি সাশ্রয়ী দক্ষ যন্ত্রপাতি ও বৈদ্যুতিক সরঞ্জাম স্থাপনের জন্য ঋণ দেওয়া হচ্ছে।

দ্বিতীয় কম্পোনেন্টের অন্তর্ভুক্ত বিল্ডিং সেক্টর। এ ছাড়াও এই প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য এর উদ্দেশ্য সম্পর্কে সকল শ্রেণির মানুষকে অবহিত ও সচেতন করা এবং জ্বালানি সাশ্রয়ে আগ্রহী করে তোলা গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করা হচ্ছে। সেই কাজের পরিকল্পনা ও বিভিন্ন উপাদানও এই প্রকল্পের অন্তর্ভুক্ত রয়েছে।